

অস্থায়ী পশুর-হাট ইজারা বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২০ উপলক্ষে ফেনী সদর উপজেলাধীন নিম্নলিখিত বাজারসমূহ অস্থায়ী পশুর হাট হিসেবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/ইজারাদারদের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

নং	ইউনিয়নের নাম	বাজারের নাম	সরকারী মূল্য	দরপত্রের মূল্য	দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ	
					(১ম বার)	(২য় বার)
১	কাজিরবাগ	নতুন রানীর হাট	৫৫,৪০০.৫০	৫০০.০০	০৯.০৭.২০২০ থেকে ২০.০৭.২০২০ তারিখ বেলা ১২.০০টা পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ২০.০৭.২০২০ খ্রিঃ ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল ও দরপত্র বাস্তু খোলার সময়ঃ ২০.০৭.২০২০ খ্রিঃ দুপুর ২.৩০ টা	২১.০৭.২০২০ থেকে ২৬.০৭.২০২০ তারিখ ১২.০০ পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ২৬.০৭.২০২০ খ্রিঃ ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল ও দরপত্র বাস্তু খোলার সময়ঃ ২৬.০৭.২০২০ খ্রিঃ দুপুর ২.৩০ টা
২		মজিদ মিয়র বাজার	১৩,৮৫০.০০	৫০০.০০		
৩	ধলিয়া	বালুয়া টোমুহনী বাজার	৮,৪০০.০০	৫০০.০০		
৪		ধলিয়া বাজার	৭২,৪৫০.০০	৫০০.০০		
৫		মমতাজ মিয়র বাজার	৫৫,৩৫০.০০	৫০০.০০		
৬		সোমবার বাজার	৫,০৫০.০০	৫০০.০০		
৭		বাগের হাট	৯,৬৫০.০০	৫০০.০০		
৮	ছনুয়া	হাজী ওসমান গণি বাজার	৪৪,০৬০.০০	৫০০.০০		
৯		ভাঙ্গার তাকিয়া বাজার	২৫,০০০.০০	৫০০.০০		
১০		হাজী আলী নেওয়াজ কোম্পানী বাজার	২,৬২০.০০	৫০০.০০		
১১		ছনুয়া বাজার	১০,১০০.০০	৫০০.০০		
১২		কাজিরদিঘী সুলতানিয়া ইসঃ মাদ্রাসা সংলগ্ন অস্থায়ী পশুর হাট	৪,৪২০.০০	৫০০.০০		
১৩		বদির মার্কেট	৪,৪০০.০০	৫০০.০০		
১৪		ফাজিলপুর	ফাজিলপুর বাজার	৩৭,১০০.০০		
১৫	আরবি হাট		৫,০০০.০০	৫০০.০০		
১৬	বটতলী বাজার		৫,৮০০.০০	৫০০.০০		
১৭	ফাজিলপুর ইউ,পি সংলগ্ন জিরো পয়েন্ট		২,০৫০.০০	৫০০.০০		
১৮	বালিগাঁও	বোর্ড অফিস বাজার	২,০০০.০০	৫০০.০০		
১৯		সুন্দরপুর বাজার	৫,৮৯০.০০	৫০০.০০		
২০		আফতাব বিবির হাট	১২,৮৭০.০০	৫০০.০০		
২১	মোটবী	মোটবী আদর্শ উচ্চ বিদ্যালয় সংলগ্ন অস্থায়ী পশুর হাট	৪,২০০.০০	৫০০.০০		
২২	লেমুয়া	কসকা বাজার	১,৩৪,৫৫০.০০	১০০০.০		
২৩		শেখ মুজিবুলহক উচ্চ বিদ্যালয় সংলগ্ন অস্থায়ী পশুর হাট	৩,৪২০.০০	৫০০.০০		
২৪		লেমুয়া মধ্যম চাঁনপুর জামে মসজিদ সংলগ্ন অস্থায়ী পশুর হাট	১২,০৭৫.০০	৫০০.০০		
২৫	শর্শদি	মোঃ আলী বাজার (ঢাকা চট্টগাম পুরাতন মহাসড়ক) (স্টার লাইন পাস্পের বিপরিত অংশ থেকে দুলা মিঞা সড়কের পূর্ব পর্যন্ত)	৩,৯৯,৫৩০.০০	৩০০০.০		
২৬		শর্শদি বাজার	১৫,৫৫০.০০	৫০০.০০		
২৭	পাঁচগাছিয়া	এলাহিগন্জ বাজার	২,০০০.০০	৫০০.০০		
২৮		লক্ষীয়ারা বাজার	২,০০০.০০	৫০০.০০		
২৯		বিরলী বাজার	২৫,৭০০.০০	৫০০.০০		
৩০	ধর্মপুর	আমিন উদ্দিন বাজার	২,০০০.০০	৫০০.০০		
৩১		আমতলী বাজার	৩,৮৩০.০০	৫০০.০০		
৩২	ফরহাদনগর	কে,এম হাট	৩,৫০০.০০	৫০০.০০		
৩৩		ভোর বাজার	৪,২০০.০০	৫০০.০০		
৩৪		খাইয়ারা বাজার	৩,১৫০.০০	৫০০.০০		
৩৫	কালিদহ	হাজীর বাজার	৯,০০০.০০	৫০০.০০		
৩৬		গোবিন্দপুর ছিদ্দিকীয়া সিঃ ফাঃ মাঃ সংলগ্ন অস্থায়ী পশুর হাট	২,৮০০.০০	৫০০.০০		
৩৭		দক্ষিণ নাইজবাড়ীয়া নতুন মসজিদ সংলগ্ন অস্থায়ী পশুর হাট	৩,৫৫০.০০	৫০০.০০		
৩৮		কালিদহ বাজার সংলগ্ন খালি জায়গা	১৩,৯৭০.০০	৫০০.০০		

দরপত্রের শর্তাবলীঃ

- শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন, সড়ক/মহাসড়কের সন্নিগতস্থ জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।
- শুধু মাত্র বাংলা ১৪২৭ সনের (২০২০ সনের) ঈদ-উল-আযহা উপলক্ষে বাজার ইজারা দেয়া হবে। ঈদ-উল-আযহার পর ইজারা বাতিল বলে গণ্য হবে।
- দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের উপর শতকরা ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদরের অনুকূলে জমা দিতে হবে।
- দরপত্র অনুমোদনের ০৩(তিন) দিনের মধ্যে অনুমোদিত দরদাতাকে ইজারামূল্যের অবশিষ্ট ৭০% অর্থ পরিশোধ করতে হবে। তাছাড়া একই সাথে অনুমোদিত দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের উপর সরকার কর্তৃক ধার্যকৃত অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর ইজারা মূল্যের অবশিষ্ট ৭০% এর সাথে যোগ করে এ কার্যালয়ে জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে। এ জন্য আলাদা কোন পত্র ইস্যু করা হবে না।


- ৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।
- ৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।
- ৮। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) এবং নির্ধারিত সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, ফেনী, সহকারী কমিশনার (ভূমি), ফেনী সদর, সোনালী ব্যাংক লিমিটেড, ফেনী সদর উপজেলা কমপেক্স শাখা, অফিসার ইনচার্জ, ফেনী মডেল থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে। প্রতিক্ষেত্রে দরপত্র গ্রহণের উল্লিখিত দিনসমূহে বেলা ১.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপার এর কার্যালয়, ফেনী, উপজেলা ভূমি অফিস, ফেনী সদর এবং এ অফিসে স্থাপিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। একই দিন দুপুর ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হবে।
- ৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ১০। ইজারাদার কোনক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১১। ক্রটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রে উল্লিখিত ইজারামূল্য কাটা/ঘষা মাজা করা যাবে না।
- ১২। অনুমোদিত দরপত্র দাখিলকারীকে সম্পূর্ণ টাকা পরিশোধের সাথে সাথে নিজ খরচে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সহিত ৩০০/- টাকা ননজুডিশিয়াল স্টাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় হাট/বাজারের দখল দেয়া হবে না।
- ১৩। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৪। হাটের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা সংশ্লিষ্ট হাট ইজারাদার নিশ্চিত করতে হবে এবং ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট বাজারের ইজারার টাকা পরিশোধে ব্যর্থতায় সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। ইজারাদারকে হাটে পশুর স্বাস্থ্য পরীক্ষার জন্য নিয়োজিত ভেটেরিনারি চিকিৎসকদের জন্য বসার ব্যবস্থা করতে হবে।
- ১৮। স্বাস্থ্যবিধি মেনে গরুর হাট বসাতে হবে।
- ১৮। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(নাসরীন সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ফেনী সদর, ফেনী
০৩৩১-৬৩১৮৬, ফ্যাক্স নং ০৩৩১-৬২৩৬৮
email-unofeni@mopa.gov.bd
তারিখঃ ০৮.০৭.২০২০ খ্রিস্টাব্দ

স্মারকনং- ০৫.২০.৩০২৯.০০১.১৮.১৩১.২০- ০৭৬ ১২(২০০)

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, ফেনী।
- ২। পুলিশ সুপার, ফেনী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেনী সদর, ফেনী।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), ফেনী সদর, ফেনী। তাকে দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক তার নোটিশ বোর্ডসহ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের দিয়ে উল্লিখিত অস্থায়ী পশুর হাট এলাকায় মাইকিং করে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেনী সদর, ফেনী।
- ৬। উপজেলা..... কর্মকর্তা, ফেনী সদর, ফেনী।
- ৭। চেয়ারম্যান..... ইউনিয়ন (সকল), ফেনী সদর, ফেনী। তাকে দরপত্র বিজ্ঞপ্তি তাঁর নোটিশ বোর্ডে টাংগানোর ব্যবস্থা গ্রহণসহ তাঁর ইউনিয়নের অস্থায়ী পশুর হাট এলাকায় ব্যাপক মাইকিং করে বহল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ইউনিয়ন ভূমি অফিস, ফেনী সদর। দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক তাঁর আওতাধীন অস্থায়ী পশুর হাট এলাকায় ব্যাপক মাইকিং করে বহল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। নোটিশ বোর্ড, অত্রাফিস/ এলজিইডি/ জেলা পরিষদ/ পোস্ট অফিস/ জেলা প্রশাসকের নোটিশ বোর্ড/ ফেনী মডেল থানা/ ফেনী পৌরসভা/ রেলস্টেশন/ সাব-রেজিস্ট্রার অফিসের নোটিশ বোর্ড সমূহে দরপত্র বিজ্ঞপ্তি টাংগানোর জন্য এ কার্যালয়ের জারীকারককে নির্দেশ প্রদান করা হলো।
- ১০।
- ১১। অফিস কপি।


উপজেলা নির্বাহী অফিসার
ফেনী সদর, ফেনী।